গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৩.১২৮৯

তারিখ : ১১ পৌষ, ১৪৩০ / ২৬ ডিসেম্বর, ২০২৩

বিষয় : উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভার তারিখ পরিবর্তন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নাগেশ্বরী উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, অনিবার্য কারণবশতঃ ডিসেম্বর/২০২৩ মাসের উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখের পরিবর্তে আগামী ৩১ ডিসেম্বর ২০২৩ তারিখ বেলা ১০.০০ ঘটিকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রামের সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বিবেচ্য সভায় উপস্থাপনযোগ্য কোন আলোচ্য বিষয় থাকলে সভা অনুষ্ঠানের পূর্বে তা লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

২৬/১২/২৩

(কাউছার আহাম্মেদ)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম
টেলিফোন: ০২৫৮৮৮৭৭৮০১
মোবাইল: ০১৭৭৪৪৩৪২৫৫
ই-মেইল: unonageswari@mopa.gov.bd

জনাব.................................................................
.........................................................................
নাগেশ্বরী, কুড়িগ্রাম

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে-
১. মাননীয় সংসদ সদস্য, .............. কুড়িগ্রাম..................
২. জেলা প্রশাসক, কুড়িগ্রাম
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৪. মেয়র, নাগেশ্বরী পৌরসভা, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৬. চেয়ারম্যান ............................................(সকল), ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৭. অফিস নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৩.১২৬৪

তারিখ : ০২ পৌষ, ১৪৩০ / ১৭ ডিসেম্বর, ২০২৩

বিষয় : উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা অনুষ্ঠান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নাগেশ্বরী উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভার সম্মানিত সদস্যবৃন্দকে জানানো যাচ্ছে যে, আগামী ২৮ ডিসেম্বর ২০২৩ তারিখ বেলা ১০.০০ ঘটিকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রামের সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে ডিসেম্বর/২০২৩ মাসের উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে। আপনাকে উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, বিবেচ্য সভায় উপস্থাপনযোগ্য কোন আলোচ্য বিষয় থাকলে সভা অনুষ্ঠানের পূর্বে তা লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।


(কাউছার আহাম্মেদ)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী, কুড়িগ্রাম
টেলিফোন: ০২৫৮৮৮৭৭৮০১
মোবাইল: ০১৭৭৪৪৩৪২৫৫
ই-মেইল: unonageswari@mopa.gov.bd


জনাব.................................................................

.................................................................

নাগেশ্বরী, কুড়িগ্রাম

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১. মাননীয় সংসদ সদস্য, ২৫ কুড়িগ্রাম-১
২. জেলা প্রশাসক, কুড়িগ্রাম
৩. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৪. মেয়র, নাগেশ্বরী পৌরসভা, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৬. চেয়ারম্যান ..........................................(সকল), ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৭. অফিস নথি।

উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভায় সদস্যগণের উপস্থিতি (অফিসারবৃন্দ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

তারিখ-৩১/১২/২০২৩

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ২. | মেয়র, নাগেশ্বরী পৌরসভা | | |
| ৩. | ভাইস চেয়ারম্যান (পুরুষ), উপজেলা পরিষদ নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৪. | ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01717201272 | [signature] ৩১/১২/২৩ |
| ৫. | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01774630031 | [signature] 31.12.23 |
| ৬. | উপজেলা কৃষি অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম ✓ | ০১৬৭৭৮৬৮৬২৬ | [signature] 31/12/23 |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01724-018835 | [signature] 31/12/2023 |
| ৮. | উপজেলা মৎস্য অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01769459758 | [signature] ৩১/১২/২৩ |
| ৯. | উপজেলা শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01716928678 | [signature] |
| ১০. | উপজেলা সমাজ সেবা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01722940783 | [signature] |
| ১১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01711-415267 | [signature] ৩১/১২/২৩ |
| ১২. | উপজেলা প্রকৌশলী, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01713-747656 | [signature] ৩১/১২/২৩ |
| ১৩. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | 01719029243 | [signature] 31.12.23 |
| ১৪. | সহকারী প্রোগ্রামার, উপজেলা তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, নাগেশ্বরী, কুড়িগ্রাম। | 01751119073 | [signature] 31.12.23 |
| ১৫. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ১৬. | উপজেলা সমবায় অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01719547788 | [signature] ৩১/১২/২৩ |
| ১৭. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | [signature] 01716973113 |
| ১৮. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01700717162 | [signature] ৩১/১২/২৩ |
| ১৯. | সহকারী জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | [signature] 31/12/23 |

উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভায় সদস্যগণের উপস্থিতি (অফিসারবৃন্দ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

তারিখ-৩১/১২/২০২৩

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ২০. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01716654170 | |
| ২১. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01737-695885 | |
| ২২. | ফরেষ্টার, উপজেলা বন বিভাগ, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01718673087 | |
| ২৩. | ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স,নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ২৪. | উপজেলা আনসার ভিডিপি অফিসার নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ২৫. | সহকারী প্রকৌশলী, বিএমডিএ,নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01750974133 | |
| ২৬. | উপসহকারী প্রকৌশলী, বিএডিসি,নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ২৭. | মোঃ আতিকুল ইসলাম, ইউডিএফ, ইউজিডিপি | 01710044967 | |
| ২৮. | উপজেলা পরিসংখ্যান অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01735-107454 | |
| ২৯. | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | | |
| ৩০. | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, নাগেশ্বরী | | |
| ৩১. | চেয়ারম্যান, রামখানা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01774964070 | |
| ৩২. | চেয়ারম্যান, রায়গঞ্জ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01743469645 | |
| ৩৩. | চেয়ারম্যান, বামনডাঙ্গা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৩৪. | চেয়ারম্যান, বেরুবাড়ী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭১৪.৬৭৯২৬৮ | ৩১/১২/২৩ |
| ৩৫. | চেয়ারম্যান, সন্তোষপুর ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | 31.12.23 |
| ৩৬. | চেয়ারম্যান, নেওয়াশী ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | ০১৭২২৭৬০২০৫ | ৩১/১২/২০২৩ |
| ৩৭. | চেয়ারম্যান, হাসনাবাদ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৩৮. | চেয়ারম্যান, ভিতরবন্দ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01713773208 | ৩১/১২/২৩ |

## উপজেলা পরিষদ মাসিক সমন্বয় সভায় সদস্যগণের উপস্থিতি (অফিসারবৃন্দ) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

**তারিখ-৩১/১২/২০২৩**

| ক্রঃ নং | পদবী | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ৩৯. | চেয়ারম্যান, কালীগঞ্জ ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | [signature] |
| ৪০. | চেয়ারম্যান, নুনখাওয়া ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | | |
| ৪১. | চেয়ারম্যান, নারায়নপুর ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01746295576 | [signature] |
| ৪২. | চেয়ারম্যান, বল্লভেরখাস ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01730899920 | [signature] |
| ৪৩. | চেয়ারম্যান, কেদার ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01751367666 | [signature] |
| ৪৪. | চেয়ারম্যান, কচাকাটা ইউপি, নাগেশ্বরী, কুড়িগ্রাম | 01734-969064 | [signature] |
| ৪৫. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ৪৬. | সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, নাগেশ্বরী | | |
| ৪৭. | উপজেলা প: প: অফিসার | 01712033564 | [signature] |
| ৪৮. | | | |
| ৪৯. | | | |
| ৫০. | | | |

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
নাগেশ্বরী কুড়িগ্রাম

বিষয় : উপজেলা পরিষদের ডিসেম্বর ২০২৩ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোস্তফা জামান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
তারিখ : ৩১ ডিসেম্বর ২০২৩
সময় : সকাল ১১.০০ টা
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, নাগেশ্বরী, কুড়িগ্রাম

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা 'পরিশিষ্ট ক' দ্রষ্টব্য

স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রামকে অনুরোধ করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিস্তারিত আলোচনান্তে উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। অতঃপর বিভিন্ন দপ্তরের বিষয় সমূহ নিয়ে আলোচনা শুরু করা হয়। আলোচনান্তে নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

আলোচনা ও সিদ্ধান্তঃ

| আলোচ্যসূচি/প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। নাগেশ্বরী পৌরসভা | সভায় মেয়র নাগেশ্বরী পৌরসভা জানান যে, তার দপ্তরের কাজকর্ম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরে প্রধান ফটকসহ বিভিন্ন রাস্তার কাজের টেন্ডার আহ্বান পূর্বক ঠিকাদার নিয়োগ হয়েছে। কিছুদিনের মধ্যে সংস্কার কাজ শুরু হবে। তিনি হোল্ডিং ট্যাক্স, পৌরকর ও অন্যান্য ফি আদায়ে সকলের সহযোগিতা কামনা করেন। মাদকের বিরুদ্ধে সংশ্লিষ্ট সকলকে কঠোর হওয়ার জন্য বিশেষ ভাবে অনুরোধ করেন। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | উপজেলা পরিষদের অভ্যন্তরে পৌরসভার আওতাধীন রাস্তা সমূহ গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে সংস্কার করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | মেয়র, নাগেশ্বরী পৌরসভা |
| ২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তার দপ্তরের নিয়মিত স্বাস্থ্য সেবা প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, যে সকল গরীব অসহায় সিজারিয়ান রোগী টাকার জন্য সিজার করতে পারছেনা তাদের বিনামুল্যে সিজার করা হবে। বর্তমানে অত্র হাসপাতালে ইসিজি চালু করা হয়েছে কিছু দিনের মধ্যে এক্সরে মেশিন চালু করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | গরীব অসহায় সিজারিয়ান রোগীর বিনামুল্যে অপারেশনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে | ১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩। উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, আমন মৌসুমের ধান কাটা শুরু হয়েছে। ৮২৯৫ জন প্রান্তিক কৃষকদের মাঝে প্রণোদনার জন্য বরাদ্দকৃত ধান, ভূট্টা, গম, সরিষাবীজ ও সার অগ্রাধিকার ভিত্তিতে বিতরণ শেষ হয়েছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা কৃষি অফিসার |
| ৪। উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, অবৈধ ও নিষিদ্ধ যন্ত্রপাতি দিয়ে মাছ শিকার আইনত দন্ডনীয় অপরাধ। এ বিষয়ে প্রয়োজনীয় প্রচার প্রচারণার জন্য সভায় অনুরোধ করেন। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | অবৈধ ও নিষিদ্ধ যন্ত্রপাতি দিয়ে মাছ শিকার প্রতিরোধে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | ১। উপজেলা মৎস্য কর্মকর্তা<br>২। অফিসার ইনচার্জ |

| আলোচ্যসূচি/প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৫। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, পাইলট প্রকল্পের আওতায় নাগেশ্বরী ২নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের মাঝে স্কুল মিল্ক প্রদান চলমান আছে। এর ফলে বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্থিতি ও সংখ্যা বৃদ্ধি পেয়েছে। গবাদি পশুর প্রেগনেন্সি ডায়াগনোসিস করার লক্ষ্যে আল্ট্রাসনোগ্রাম মেশিন স্থাপন করা হয়েছে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ৬। উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, নাগেশ্বরী উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম চলমান আছে। সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকৌশলী |
| ৭। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান, আগামী ১লা জানুয়ারি নতুন শিক্ষাবর্ষের বই বিতরণ করা হবে। ইতোমধ্যে প্রধান শিক্ষকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে। তিনি জানান বেসরকারি প্রাথমিক বিদ্যালয় নিবন্ধন নীতিমালা অনুযায়ী বেসরকারি প্রাথমিক বিদ্যালয়, কিন্ডারগার্টেন নির্ধারিত ফরমে জেলা শিক্ষা অফিসার বরাবর আবেদন পুর্বক অনুমোদন নিতে হবে। নিবন্ধনবিহীন বিদ্যালয় সরকারি সুযোগ সুবিধা হতে বঞ্চিত হবে। সকল বেসরকারি প্রতিষ্ঠান নিবন্ধনের আওতায় আনার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | প্রাথমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান নিবন্ধনের আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| ৮। উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান মা ও শিশুদের স্বাস্থ্য সচেতনতা বিষয়ে সেবা সপ্তাহ-২০২৩ সফলভাবে সম্পন্ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, ইতোমধ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের পাঠ্যপুস্তক সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে সরবরাহ করা হয়েছে। সমগ্র বাংলাদেশের ন্যায় ১লা জানুয়ারি একযোগে বিতরণ করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান, বর্তমান জাতীয় সংসদ নির্বাচন চলমান বই উৎসবে যাতে কোন প্রকার নির্বাচনী প্রচার-প্রচারণা করা না হয় এ বিষয়ে সকলে সতর্ক থাকতে হবে মর্মে জানান। | বর্তমানে জাতীয় সংসদ নির্বাচন চলমান, বই উৎসবে যাতে কোন প্রকার নির্বাচনী প্রচার-প্রচারণা করতে না পারে, সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০। উপজেলা খাদ্য বিভাগ | সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১১। উপজেলা সমাজসেবা বিভাগ | সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ প্রতি মাসের ৫ তারিখ নির্ধারণ করা হয়েছে। প্রতিবন্ধী কার্ড প্রাপ্তির আবেদন যাচাই-বাছাই করে রেজুলেশনের মাধ্যমে তালিকা প্রস্তুত করে কার্ড প্রদান করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন । অতঃপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | প্রকৃত প্রতিবন্ধী যাচাই-বাছাইয়ে শতভাগ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা সমাজসেবা কর্মকর্তা<br>৪। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান, চলতি অর্থবছরে টিআর, কাবিখা ও কাবিটা প্রকল্পের কাজ চলমান আছে। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অনুরোধ করেন। | প্রকল্পসমূহ বাস্তবায়নে সার্বিক তদারকি ও কাজের গুণগত মান বজায় রেখে দ্রুত শেষ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |

| আলোচ্যসূচি/প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১৩। উপজেলা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | সহকারী প্রোগ্রামার জানান, সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারী বদলী ও নতুন কর্মকর্তা কর্মচারী যোগদান করেছেন কিন্তু ওয়েব পোর্টালে কর্মকর্তা কর্মচারীর তথ্য হালনাগাদ করা হয়নি। যেসকল দপ্তরের ওয়েবসাইট হালনাগাদ নাই তাদের হালনাগাদ করার জন্য অনুরোধ করেন এবং হালনাগাদের বিষয়ে প্রয়োজনীয় সহায়তা করা হবে। অতঃপর সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে উপজেলা সহকারী প্রোগ্রামার সার্বিক সহযোগিতা করবেন। | ১। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা<br>২। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৪। উপজেলা মহিলা বিষয়ক বিভাগ | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। গরীব অসহায় মহিলাদের সেলাই মেশিন প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। অতঃপর কোন বক্তব্য না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন।<br>২। সভায় উপজেলা নির্বাহী অফিসার, বাল্য বিবাহ রোধে মহিলা বিষয়ক কর্মকর্তাকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। | বাল্য বিবাহ প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৫। উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী জানান, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াস ব্লক নির্মাণ চলমান আছে। প্রতিটি ইউনিয়নে ২২৯টি করে স্বাস্থ্যসম্মত স্যানিটারি ল্যাট্রিন নির্মাণের বরাদ্দ পাওয়া গেছে। নির্ধারিত সময়ের মধ্যে তালিকা প্রেরণের জন্য সভায় অনুরোধ জানান। | সুবিধাভোগী বাছাইয়ে স্বাস্থ্যসম্মত স্যানিটারি ল্যাট্রিন নাই এমন পরিবার নির্বাচন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৭। কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী জোনাল অফিস | সহকারী জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি জানান জ্বালানী সংকট জনিত কারণে বিদ্যুৎ উৎপাদনে ঘাটতি মোকাবেলায় সকলকে বিদ্যুৎ সাশ্রয়ে আন্তরিক হওয়ার অনুরোধ জানান। বকেয়া আদায়ের লক্ষ্যে সংযোগ বিচ্ছিন্ন করা হচ্ছে। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | বকেয়া বিদ্যুৎ বিল আদায়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। ডি,জি,এম কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি নাগেশ্বরী জোনাল অফিস<br>২। দপ্তর প্রধান (সকল)<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ১৮। উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, উপজেলার আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীগণের মধ্যে সমবায় সমিতির নিবন্ধন কার্যক্রম ও ঋণ প্রদান এবং আদায় কার্যক্রম চলমান আছে। আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৯। উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান যে, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে এ উপজেলায় ১৩৭ টি ভোট কেন্দ্রে ৭২৩ বুথ স্থাপন করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার জানান, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোটগ্রহণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করা হবে। সকলকে স্বতস্ফুর্তভাবে দায়িত্বপালনের আহ্বান জানান। | ভোটকেন্দ্র সমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। উপজেলা নির্বাচন অফিসার<br>৩। অফিসার ইনচার্জ, নাগেশ্বরী থানা |

| আলোচ্যসূচি/প্রস্তাবকারী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২০। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। মাঠ পর্যায়ে ঋণ প্রদান ও খেলাপি ঋণ আদায় কার্যক্রম চলমান আছে মর্মে জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | বকেয়া ঋণ আদায়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ২১। উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক চলছে। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ২২। উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ) | সহকারী প্রকৌশলী, বিএমডিএ জানান যে, এ উপজেলায় ৪২ টি গভীর নলকূপের জরাজীর্ণ পাম্পঘর পূণঃনির্মাণ ও পাইপ নালা মেরামতের কাজ চলমান ও নদী হতে সেচকাজে ব্যবহারের লক্ষ্যে পানি উত্তোলনের জন্য ২টি এলএলপি স্থাপন কাজ চলমান আছে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করে তার বক্তব্য শেষ করেন। | যথাসময়ে প্রকল্প কার্যক্রম সমাপ্ত ও গুণগত মান নিশ্চিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী, বিএমডিএ |
| ২৩। উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান, আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে আনসার বাহিনীর প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হচ্ছে জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে প্রয়োজনীয় আনসার সদস্য প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা |
| ২৪। উপজেলা বিএডিসি বিভাগ। | ১। উপজেলা বিএডিসি কর্মকর্তা জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি নিয়ম বহির্ভূত ভাবে কেউ যাতে সেচ পাম্পের অনুমতি না পায়, সে ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার অনুরোধ জানান। তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বিএডিসি কর্মকর্তা |
| ২৫। ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স বিভাগ। | স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে জানিয়ে সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | দাপ্তরিক কাজ স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্টেশন অফিসার |
| ২৬। উপজেলা পরিসংখ্যান বিভাগ। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, কিছু দিনের মধ্যে নারীর অবস্থা সম্পর্কিত জরিপ (SWS) ও অর্থনৈতিক শুমারি ২০২৩ শুরু হবে। বর্ণিত জরিপ কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করে বক্তব্য শেষ করেন। | নারীর অবস্থা সম্পর্কিত জরিপ (SWS) ও অর্থনৈতিক শুমারি ২০২৩ সংক্রান্ত কার্যক্রম স্থায়ী শুমারি/জরিপ কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। স্থায়ী শুমারি/জরিপ কমিটি সদস্য (সকল)<br>২। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, |
| ২৭। পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, মাঠ পর্যায়ে ঋণ প্রদান ও আদায় কার্যক্রম চলমান আছে। অতপর তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে বক্তব্য শেষ করেন। | ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সঠিকভাবে পরিচালনার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৮। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), প্রকল্প যাচাই-বাছাই কমিটিতে সুপারিশ প্রাপ্ত এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) আওতায় বাস্তবায়নের জন্য "উপজেলা প্রশাসন স্কুল ও কলেজের একাডেমিক ভবন/শ্রেনীকক্ষ মেরামত উন্নয়র বিষয়ক "একটি প্রকল্প প্রস্তাবনা অনুমোদনের জন্য উপস্থাপন করেন। এসময় উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান প্রতিষ্ঠানটি ফলাফলের দিক থেকে ইতোমধ্যেই উপজেলায় আলোড়ন সৃষ্টি করেছে। কিন্তু বিদ্যালয়টিতে শ্রেনীকক্ষ সংকট তীব্রতর হচ্ছে। তাই প্রকল্পটি অনুমোদন করা হলে শিক্ষার উন্নয়ন বেগবান হবে। এসময় তিনি প্রকল্পটি অনুমোদনের জন্য সকলের নিকট আহবান জানান। | এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সকলের সম্মতিক্রমে প্রকল্পটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী<br>৪। উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) |

<table>
<tr><th>আলোচ্যসূচি/প্রস্তাবকারী</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>২৮। বিবিধ আলোচনা-২</td><td>সভায় উপজেলা নির্বাহী অফিসার উপজেলা উন্নয়নের স্বার্থে জরুরী ভিত্তিতে নিম্নবর্ণিত প্রকল্পসমূহ বাস্তবায়ন করা প্রয়োজন। ইতোমধ্যে উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রাক্কলন প্রস্তুত পূর্বক সম্ভাব্য ব্যয় নির্ধারণ করা হয়েছে। উক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান।
<table>
<tr><th>ক্র:নং</th><th>প্রকল্পের নাম</th><th>প্রাক্কলিত ব্যয়</th></tr>
<tr><td>১</td><td>মুক্তিযুদ্ধ, মুজিব কর্ণার ও লাইব্রেরী নির্মাণকরণ</td><td>১৮,১৫,৭৫১.৯৮</td></tr>
<tr><td>২</td><td>পার্কিং গ্যারেজ নির্মাণকরণ</td><td>১৫,৭২,৬০৪.৩৮</td></tr>
<tr><td>৩</td><td>মুক্তমঞ্চের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ</td><td>১০,০০,০০০</td></tr>
<tr><td>৪</td><td>উপজেলা পরিষদের পুকুর ঘাট নির্মাণকরণ</td><td>২,১৪,৬৭৪.০৪</td></tr>
<tr><td>৫</td><td>উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তা সংস্কারকরণ</td><td>৩০,০০,০০০.০০</td></tr>
<tr><td>৬</td><td>মুক্তিযুদ্ধের স্মৃতি সংরক্ষণ ও স্মৃতিসৌধ নির্মাণ</td><td>৩০,০০,০০০.০০</td></tr>
</table></td><td>এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্পসমূহ বার্ষিক উন্নয়ন তহবিল হতে ব্যয়ের সুযোগ না থাকায় উপজেলা রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহের অনুমতি চেয়ে সচিব, স্থানীয় সরকার বিভাগ বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>২৮। বিবিধ আলোচনা-৩</td><td>সভায় উপজেলা প্রকৌশলী জানান নিম্নলিখিত সড়কগুলি গেজেটেড রোড আইডি না থাকায় আশ্রয়ণ প্রকল্পের সাথে কানেক্টিং সড়কগুলির উন্নয়ন সম্ভব হচ্ছে না। ফলে মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ অগ্রাধিকার আশ্রয়ণ প্রকল্পের উপকার ভোগীগণ কাঙ্খিত সেবা থেকে বঞ্চিত হচ্ছে। জরুরীভিত্তিতে নিম্নলিখিত সড়কগুলো গেজেটেড আইডি প্রদান করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভায় অনুরোধ জানান।</td><td>এবিষয়ে বিস্তারিত আলোচনান্তে সড়কগুলির আইডিসহ প্রস্তাবনা সমূহ উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>২। উপজেলা নির্বাহী অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী</td></tr>
</table>

<u>আইডি প্রদানের লক্ষ্যে আশ্রয়ন প্রকল্পের কানেংক্টিং সড়কের তালিকাঃ</u>

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | সড়কের প্রস্তাবিত আইডি | সড়কের প্রস্তাবিত নাম | সড়কের দৈর্ঘ্য ও প্রস্থ | সড়কের শ্রেণি | প্রস্তাবিত সংযোগকরী সড়কের ধরন (বিসি/আরসিসি/ইউনিব্লক প্রভৃতি) |
|---|---|---|---|---|---|---|
| ১ | নেওয়াশী | ১৪৯৬১৫২৭৮ | গিরাই-চাকেরকুটি আবাসন | ৭৫০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ২ | | ১৪৯৬১৫২৭৯ | ব্যাপারিটারি-আবাসন | ৩৪০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ৩ | | ১৪৯৬১৫২৮০ | উজানটারী-সুখাতি আবাসন | ৮০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ৪ | | ১৪৯৬১৫২৮১ | আরএইচডি সুখাতি বোডঘর-আবাসন | ৯০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ৫ | | ১৪৯৬১৫২৮২ | সুখাতি-আবাসন | ১৫০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ৬ | | ১৪৯৬১৫২৮৩ | গিরাই-আবাসন | ১৫০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ৭ | পৌরসভা | ১৪৯৬১৫২৮৪ | হাজীপাড়া কবর স্থান-বাজার সড়ক | ১৫ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ৮ | রামাখানা | ১৪৯৬১৫২৮৫ | বানারভিটা-আবাসন সড়ক | ১৫ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ৯ | সন্তোষপুর | ১৪৯৬১৫২৮৬ | কাঠালবাড়ী-আবাসন | ২০০০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ১০ | কালিগঞ্জ | ১৪৯৬১৫২৮৭ | আর এইচডি-গুচ্ছগ্রাম(৪) | ২০০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ১১ | | ১৪৯৬১৫২৮৮ | আর এইচডি নামারচর আবাসন | ৫০০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ১২ | কেদার | ১৪৯৬১৫২৮৯ | শিবের হাট-কচাকাটা আবাসন | ২০০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ১৩ | কচাকাটা | ১৪৯৬১৫২৯০ | ইসলামপুর-কচাকাটা আবাসন | ২০০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ১৪ | | ১৪৯৬১৫২৯১ | ডাঙ্গার পাড়-কচাকাটা আবাসন | ২৫০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ১৫ | | ১৪৯৬১৫২৯২ | ভোটের হাইল্যা-কচাকাটা আবাসন | ১৫০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ১৬ | | ১৪৯৬১৫২৯৩ | নওদাপাড়া-কচাকাটা আবাসন | ১৫০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ১৭ | | ১৪৯৬১৫২৯৪ | বালারপাড়-কচাকাটা আবাসন | ২০০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ১৮ | হাসানাবাদ | ১৪৯৬১৫২৯৫ | ব্যাপারিটারী-ক্ষত্রিয় পাড়া | ৯০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ১৯ | | ১৪৯৬১৫২৯৬ | হাসনাবাদ-কালি মন্দির-চিন্তার খামার | ৩২০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ২০ | | ১৪৯৬১৫২৯৭ | ভগির ভিটা গোসাইবাড়ী | ৬২০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ২১ | | ১৪৯৬১৫২৯৮ | মধ্য শ্রীপুর-আবাসন | ১০০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ২২ | | ১৪৯৬১৫২৯৯ | আর এইচ ডি আবাসন | ৪৪০ মিঃ ও ৩ মিঃ | VR-B | আরসিসি |
| ২৩ | হাসনাবাদ | ১৪৯৬১৪০৪১ | সরকার পাড়া-পাখির হাট রোড | ১.১২০ কিঃ মিঃ | ১.৬০০ কিঃ মিঃ | পূর্বে সড়কটির দৈর্ঘ্য ভুল থাকায় পার্শ্ববতী উপজেলার সাথে সংযোগ ব্যাহত হচ্ছে বিধায় সড়কটির দৈর্ঘ্য সংশোধনের জন্য সুপারিশ করা হয়। |

উপজেলা পরিষদের রাজস্ব খাত হতে নভেম্বর/২৩ সম্মানী ভাতা, মজুরী, অনুদান/সাহায্য ও অন্যান্য ব্যয় বাবদ সর্বমোট= ১২,০৭,৫১৯/-(বার লক্ষ সাত হাজার পাঁচশত উনিশ) টাকার ব্যয় সকলের সম্মতিক্রমে অনুমোদন করা হলো । অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলেকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(মোস্তফা জামান)
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
নাগেশ্বরী, কুড়িগ্রাম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নাগেশ্বরী, কুড়িগ্রাম
www.nageshwari.kurigram.gov.bd

স্মারক নং: ০৫.৪৭.৪৯৬১.০০০.০২.০৬৭.২৩-১৬০৬

তারিখ : ১৬ পৌষ ১৪৩০ / ৩১ ডিসেম্বর ২০২৩

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য-২৫, কুড়িগ্রাম-১ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ , স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
৪. জেলা প্রশাসক, কুড়িগ্রাম
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম
৬. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম
৭. চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৮. উপজেলা ............................................................................................অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম
৯. চেয়ারম্যান, ..........................................................................................ইউপি (সকল), নাগেশ্বরী, কুড়িগ্রাম
১০. জনাব ............................................................................................................ নাগেশ্বরী, কুড়িগ্রাম
১১. অফিস কপি

(কাউছার আহাম্মেদ)
উপজেলা নির্বাহী অফিসার
নাগেশ্বরী , কুড়িগ্রাম